



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)
৩ সার্কিট হাউস রোড, ঢাকা - ১০০০
www.pib.gov.bd

পিআইবি'র সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটির ২২.০৩.২০২৩ তারিখে
অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)-এর সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটির সভা ২২.০৩.২০২৩ তারিখ বেলা ১১টায় ৬ তলা ভবনের ৩০১ নং কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় কমিটির আহ্বায়ক জনাব মো. মিজানুর রহমান সভাপতিত্ব করেন। সভায় নিম্নে বর্ণিত সদস্যগণ উপস্থিত ছিলেন:

ক্র নং	কর্মকর্তাদের নাম ও পদবী	কমিটির পদবী
১.	মো. মিজানুর রহমান, সহকারী সম্পাদক (ফিচার)	আহ্বায়ক
২.	ড. কামরুল হক, গবেষণা বিশেষজ্ঞ (তথ্য প্রযুক্তি) চলতি দায়িত্ব	সদস্য
৩.	মো. জাকির হোসেন, উপপরিচালক (প্রশাসন), চলতি দায়িত্ব	সদস্য-সচিব


সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। তিনি কমিটির সদস্য-সচিব ও উপপরিচালক (প্রশাসন), চলতি দায়িত্ব জনাব মো. জাকির হোসেনকে সভার বিষয়াদি উপস্থাপনের অনুরোধ জানান। সদস্য-সচিব ২০২২-২০২৩ সালের সিটিজেন চার্টারের কর্মপরিকল্পনা ১.২.১ অনুসারে পিআইবি'র ১০টি সেবার বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। যা নিম্নরূপ:

ক্র নং	সেবার নাম	বাস্তবায়ন অগ্রগতি
১.	আবাসিক প্রশিক্ষণ	এ পর্যন্ত ৬টি প্রশিক্ষণ হয়েছে
২.	ই-ল্যানিং কোর্স	৯টি প্রশিক্ষণ কোর্স চলমান রয়েছে। ৪৬১ জনকে প্রশিক্ষণ দেয়া হয়েছে।
৩.	সাংবাদিকতায় স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স	ক্লাশ চলমান রয়েছে
৪.	সাংবাদিকতায় মাস্টার্স কোর্স (১ম পর্ব)	ক্লাশ চলমান রয়েছে
৫.	লাইব্রেরি সেবা (পাঠক সেবা)	১৪৫৭ জনকে সেবা দেয়া হয়েছে
৬.	প্রকাশনা বিক্রয় সেবা	সেবা চলমান রয়েছে
৭.	ডরমিটরি সেবা	সেবা চলমান রয়েছে
৮.	সেমিনার কক্ষ সেবা	সেবা চলমান রয়েছে
৯.	আবাসিক প্রশিক্ষণ (অংশীজন)	৩টি হয়েছে
১০.	প্রভিডেন্ট ফান্ড ঋণ প্রদান	১৭ জনকে ঋণ দেয়া হয়েছে।

তিনি বলেন, কর্মসম্পাদন সূচক ১.১.১ অনুসারে ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি কমিটি পুনর্গঠন করা হবে। ১.৪ সূচক অনুসারে সেবা প্রদান প্রতিশ্রুতির তথ্য হালনাগাদ করা হয়েছে।

সহকারী সম্পাদক (ফিচার) ও কমিটির আহ্বায়ক জনাব মো. মিজানুর রহমান বলেন, বর্ণিত ১০টি সেবার বাস্তবায়নে সকলকে সচেষ্ট থাকতে হবে। গত সভার সিদ্ধান্তের আলোকে ৬ তলা ভবনের দেয়ালে প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)-এর নাম এলইডি ডিসপ্লে বোর্ডের কাজ সম্পন্ন হয়েছে। চলতি প্রান্তিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী কর্মপরিকল্পনা বাস্তবায়ন হয়েছে। হালনাগাদকৃত সিটিজেন চার্টার বোর্ড দর্শনীয় স্থানে স্থাপন করা হবে। অডিটোরিয়াম ও সেমিনার কক্ষের সেবামূল্য বৃদ্ধির বিষয়েও সুপারিশ করা হয়।

সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


২২.০৩.২৩
(মো. মিজানুর রহমান)
সহকারী সম্পাদক (ফিচার)

ও
আহ্বায়ক

সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি, পিআইবি